দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 1- 1 -MAR 2008...
পৃষ্ঠা ৪ কলাম ৭ ......

# ঠাকুরগাঁও সরকারী স্কুলের প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

াকুরগাঁও, ১০ মার্চ, নিজস্ব সংবাদদাতা ॥ ঠাকুরগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে
ধান শিক্ষকের বিরুদ্ধে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। সোমবা
ুলের ছাত্র ও অভিভাবকবৃন্দ শিক্ষামন্ত্রণালয়, জেলা প্রশাসকসহ বিভিন্ন দফতরে
ভিযোগপত্র প্রেরণ করেছেন। অভিযোগে জানা যায়, এবারের এসএসসি পরীক্ষার্থীদে
কাচিং করানোর নামে শতাধিক ছাত্রের কাছে জনপ্রতি ১২শ' টাকা করে মোট ১ লাখ ২
াজার টাকা আদায় করা হলেও মাত্র ৫/৭ দিন কোচিং করানোর পর তা বন্ধ করে দে
য়। কোচিংয়ে ১০টি বিষয়ে ১০টি মডেল টেস্ট নেয়ার কথা থাকলেও ৫টি বিষয়ে মা
টি টেস্ট নেয়ার পর তা বন্ধ হয়ে যায়। এ বিষয়ে স্কুলের শিক্ষকরা জানান, প্রধান শিক্ষ
কাই সমস্ত টাকা আত্মসাত করায় কোচিং বন্ধ হয়ে গেছে। এছাড়া ২০০৭-২০০৮ অ
ছরে বিদ্যালয়ের রাসায়নিক যন্ত্রপাতি, লাইব্রেরীর আসবাবপত্র, কম্পিউটার ইত্যাদি ক্র
াবদ ৪ লাখ ৫০ হাজার টাকার মধ্যে ঠিকাদারের সঙ্গে আঁতাত করে মাত্র ১ লাখ টাকার
ন্ত্রপাতি ও অন্যান্য জিনিস ক্রয় করে। বাকি ৩ লাখ ৫০ হাজার টাকা আত্মসাতের
ভিযোগ উঠেছে। অভিভাবকগণ অভিযোগ করেন, বর্তমান প্রধান শিক্ষক আবু রায়হান
জানুর রহমানের অনিয়ম ও দুর্নীতির কারণে ঐতিহ্যবাহী এ শিক্ষা প্রতিষ্ঠানের ঐতিহ্য
লুপ্ত হতে বসেছে। এ বিষয়ে তাঁরা সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে অতি দ্রুত ব্যবস্থা
হণের জন্য বিভিন্ন দফতরে অভিযোগ করেছেন। এ ব্যাপারে প্রধান শিক্ষক বলেন, একটি
হল তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করেছে এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সত্য নয়।